

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের
ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত ২০২৩-২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন ৮টি দপ্তর/সংস্থা রয়েছে। সংস্থাগুলো হচ্ছে মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, মেরিন ফিশারিজ অ্যাকাডেমি, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর। প্রতি মাসে এ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, আওতাধীন সংস্থাসমূহ হতে ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় (সংস্থাসমূহের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) (সংযুক্ত: মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, মেরিন ফিশারিজ অ্যাকাডেমি, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর)। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটের মেন্যু এবং সাবমেন্যুসমূহ, কর্মকর্তাদের হালনাগাদ তথ্য (নাম, পদবী, ছবি, ফোন নং, মোবাইল নং, ই-মেইল), বিভিন্ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিভিন্ন কমিটি, নোটিশ বোর্ড, অফিস আদেশ, বার্ষিক প্রতিবেদন, সকল আইন/নীতিমালা/প্রতিবেদনসমূহ, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, শুদ্ধাচার, তথ্য অধিকার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন সেবাবক্সসহ বিভিন্ন সেবাবক্স, প্রকল্পসমূহের তথ্য, বাজেট পরিকল্পনা, বার্ষিক ক্রয় পরিকল্পনা ইত্যাদি তথ্যসমূহ হালনাগাদ আছে এবং নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মধ্যে মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট ও মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের মাঠ পর্যায়ে অফিস রয়েছে। মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট ও মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের মাঠ পর্যায়ের অফিস সমূহের ওয়েবসাইটে কর্মকর্তাদের হালনাগাদ তথ্য (নাম, পদবী, ছবি, ফোন নং, মোবাইল নং, ই-মেইল), বিভিন্ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিভিন্ন কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, শুদ্ধাচার, তথ্য অধিকার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন সেবাবক্সসহ বিভিন্ন সেবাবক্স সংযুক্ত করা আছে ও হালনাগাদ আছে এবং নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে।